



# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd  
মানসম্মত যুগোপযোগী শিক্ষা বিকাশে অঙ্গীকারাবদ্ধ

স্মারক নং-

তারিখ:-

## বিজ্ঞপ্তি

এতদ্বারা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী'র আওতাধীন সকল নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে শিক্ষা প্রতিষ্ঠানসমূহের প্রধান শিক্ষক ও অধ্যক্ষগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে “১৭মার্চ ২০২৩ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৩তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস” উপলক্ষ্যে তাঁর প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের অংশগ্রহণে রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে ইচ্ছুক শিক্ষার্থীদের লিখিত রচনা নিম্নের নির্দেশনা মোতাবেক আগামী ১৩মার্চ ২০২৩ বিকেল ০৫.০০ টার মধ্যে ডাকযোগে/সরাসরি বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী ঠিকানায় পৌছানোর জন্য অনুরোধ করা হলো। রচনা প্রতিযোগিতায় প্রতি গ্রুপে বিজয়ী ৩জনকে পুরস্কার ও সনদ প্রদান করা হবে।

**“১৭মার্চ ২০২৩ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৩তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষ্যে রচনা প্রতিযোগিতা”**

গ্রুপ	শ্রেণি	বিষয়	শব্দ
ক	৬ষ্ঠ হতে ৮ম	ইতিহাসের মহানায়ক বঙ্গবন্ধু	৩০০
খ	৯ম ও ১০ম	বঙ্গবন্ধুর সংগ্রামী জীবন: স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়	৪০০
গ	একাদশ ও দ্বাদশ	বঙ্গবন্ধুর রাষ্ট্রদর্শন: আধুনিক বাংলাদেশ বিনির্মাণে ভূমিকা	৫০০

### প্রতিযোগিতায় রচনা পাঠানোর নিয়ম :

- রচনার শুরুতে গ্রুপ, বিষয়, প্রতিযোগীর নাম, শ্রেণি, রোল নম্বর, মোবাইল নম্বর ও শিক্ষা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা উল্লেখ করতে হবে।
- নিজ হস্তে লিখিত রচনা A4 সাইজের কাগজ এক পার্শ্বে লিখতে হবে(উভয় পৃষ্ঠায় না)।
- লেখার সাথে ১কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি, প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত ছাত্রের পরিচয় পত্র (ID Card) ও জন্ম নিবন্ধন সনদ এর কপি সংযুক্ত করে দিতে হবে।
- ডাকযোগে/কুরিয়ারে বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী ঠিকানায় A4 সাইজের খামে মুখ আঠা দিয়ে লাগিয়ে ১৩মার্চ বিকেল ৫.০০ টার মধ্যে পৌছাতে হবে অথবা বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী এর অফিস কক্ষের সামনে রক্ষিত বাক্সে ১৩মার্চ ২০২৩ বিকেল ৫.০০ টার মধ্যে জমা দিতে হবে।

*Raul Haq*  
79106/2026  
(মহা: জিয়াউল হক)

আহবায়ক

“রচনা প্রতিযোগিতা আয়োজক কমিটি”

ও

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

### অনুলিপি অবগতি:

- রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাধীন নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে সকল প্রতিষ্ঠান প্রধান ও শিক্ষার্থী।
- চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, রাজশাহী শিক্ষা বোর্ড
- ওয়েব সাইট ভিজিট করুন- www.rajshahieducationboard.gov.bd
- অফিস নথি।